



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজরোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশাসন/২৩৩১১০৯৩৯৪১/গাজীপুর-১১১/ ৬৬৭৮ /

তারিখ: ২৫.০৯.২০১৯ খ্রিঃ

বিষয়: এডহক কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১০৯৩৯৪১/গাজীপুর-১১১/৩২৬৪/৩; তারিখ: ১৩/০৬/২০১৯
২। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪১.৩৩০০.০৮৬.০০৪.০০.১৮-৬৪৬; তারিখ: ০২/০৯/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন পটকা দাখিল মাদ্রাসার সভাপতি ও সুপারের বিরুদ্ধে এলাকাবাসীর পক্ষে মো: রুবেল মিয়া অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেন। দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১(এক) নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুরকে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার সূত্রোক্ত ০২ (দুই) নং স্মারকে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন অত্র বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদনে মাদ্রাসার সুপার ও তৎকালীন ম্যানেজিং কমিটির সভাপতি জনাব এ. কে. এম শহিদুল ইসলাম (প্রস্তাবিত এডহক কমিটির সভাপতি) এর বিরুদ্ধে আনিত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের আলোকে প্রস্তাবিত এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তার পরিবর্তে অন্য একজনকে সভাপতি মনোনয়নের জন্য স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সুপারিশ এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে নতুনভাবে এডহক কমিটি দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(মোঃসিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

সুপার/ভারপ্রাপ্ত সুপার,
পটকা দাখিল মাদ্রাসা
শ্রীপুর, গাজীপুর।



নং- বামাশিবো/প্রশাসন/২৩৩১১০৯৩৯৪১/গাজীপুর-১১১/ ৬৬৭৮ /

তারিখ: ২৫.০৯.২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর;
৪. জনাব মো: রুবেল মিয়া (অভিযোগকারী), গ্রাম: পটকা, ডাকঘর: শ্রীপুর, উপজেলা: শ্রীপুর, জেলা: গাজীপুর;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪